দৈনিক ইত্তেফাক

FEB. 1 3 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বোর্ডের বই ॥ কাহার কথা সত্য

বোর্ডের নূতন পাঠ্যপুস্তক পাওয়া না পাওয়াকে কেন্দ্র করিয়া জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের মধ্যে ঠান্ডা লড়াই শুরু হইয়াছে। পাঠ্যপুস্তক প্রকাশের সহিত জড়িত প্রতিষ্ঠান পুস্তকা গতকাল বাসস'কে বলিয়াছে, ২৫শে ফেব্রুয়ারীর মধ্যে মাধ্যমিক শাখার সকল বই ছাত্র-ছাত্রীদের হাতে পৌছাইবে। অপরদিকে পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান ডঃ তপন কান্তি চৌধুরী বাসস'কে দেওয়া এক সাক্ষাৎকারে বলিয়াছেন, মার্চের দ্বিতীয় সপ্তাহের পূর্বে ছাত্র-ছাত্রীদের হাতে সকল বই পৌছানোর সম্ভাবনা খুবই কম। এক প্রশ্নের জবাবে তপন কান্তি চৌধুরী বলিয়াছেন, পুস্তকা একের পর এক শর্ত ভঙ্গ করিলেও আমরা এই মুহূর্তে কোন ব্যবস্থা নেওয়ার কথা ভাবিতেছি না। বর্তমানে আমাদের একটাই লক্ষ্য, ছাত্র-ছাত্রীদের হাতে দ্রুত বই পৌছাইয়া দেওয়া।